বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৪০

তারিখ: ৫ আষাঢ় ১৪২৯
১৯ জুন ২০২২

বিষয়: **বিএআরসি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম [২.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ ' সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর [২.২] কার্যক্রম অনুসারে গত ০৪ জুন ২০২২ তারিখে বিএআরসিতে অনুষ্ঠিত **'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ'** সংক্রান্ত **২য় সভার কার্যবিবরণী** সংযুক্ত করা হলো।

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

১৯-৬-২০২২
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

সচিব
সচিবের দপ্তর
কৃষি মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** অতিরিক্ত সচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৪০/১(৩)

তারিখ: ৫ আষাঢ় ১৪২৯
১৯ জুন ২০২২

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

২) ড. সুরাইয়া পারভীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, টিটিএমইউ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ টীম, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

৩) একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

১৯-৬-২০২২
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

**"বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর আলোকে 'সেবা প্রদান বিষয়ে অংশীজন (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ ২য় সভা ' এর কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভার সভাপতি | ঃ ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি। |
| তারিখ ও সময় | ঃ ০৪ জুন ২০২২; সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ প্রশিক্ষণ ভবন (অডিটোরিয়াম), বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | ঃ পরিশিষ্ট 'ক' |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রিন্সিপাল ট্রেনিং অফিসার ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ নির্ধারিত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২-এর কার্যক্রম [২.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডার (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভা' আয়োজনের ২টি লক্ষ্যমাত্রা আছে। সে অনুসারে বিএআরসি প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করার জন্য এ সভার আয়োজন করা হয়।

২। সভাপতি বলেন, সেবা প্রাপ্তি নাগরিকের একটি সাংবিধানিক অধিকার। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সরকারি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহি বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিএআরসি প্রদত্ত সেবা সম্পর্কে বিএআরসি এর অংশীজনদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিত প্রয়োজন। এর ফলে সেবা প্রদানকারী, সেবা প্রদানের সময়, নির্ধারিত ফি, সেবা প্রদান পদ্ধতি ইত্যাদি বিষয়ে অংশীজনদের স্বচ্ছ ধারণা তৈরী হবে।

৩। এ প্রসঙ্গে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, বিএআরসি এর সকল বিভাগ, ইউনিট, কেন্দ্র ও শাখা থেকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়ে থাকে। বিএআরসি হতে নাগরিক পর্যায়ে সরাসরি যে সেবা প্রদান করা হয় তাকে নাগরিক সেবা বলে। সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ; বিব্লিওগ্রাফিক সার্ভিস; কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান ইত্যাদি নাগরিক সেবার আওতাধীন।

৪। তিনি আরো বলেন, সরকারি যে কোন প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, সেবাদানকারী প্রতিষ্ঠানের আওতাধীন অধিদপ্তর/সংস্থা/কার্যালয় এবং দাপ্তরিকভাবে সম্পৃক্ত দেশি/বিদেশি বেসরকারি প্রতিষ্ঠান প্রদত্ত সেবাকে প্রাতিষ্ঠানিক সেবা বলে। কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবাসমূহ যেমন; মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদান; সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন; পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান, বিদেশ প্রশিক্ষণ, কম্পিউটার ল্যাব সুবিধা ও জুম সহায়তা প্রদান ইত্যাদি। এছাড়াও কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা এর কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত সেবাকে অভ্যন্তরীণ সেবা বলে। যেমনঃ সিপিএফ অগ্রিম/চূড়ান্ত মঞ্জুরী, কল্যাণ তহবিল, গোষ্ঠী বীমা, গ্রাচ্যুইটি, পিআরএল মঞ্জুর, ছুটি নগদায়ন ইত্যাদি।

৫। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা-২০১৭ অনুসারে কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। এখানে সেবা গ্রহীতাদের সেবা গ্রহণে সঠিক নির্দেশনা, সেবা প্রদানের সময়সীমা, সেবার মূল্য এবং সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য ৭টি কলামে সুনির্দিষ্টভাবে বিবৃত করা হয়েছে। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, নির্ধারিত সময়ে সেবা প্রদান নিশ্চিতকরণে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখাসমূহ হতে সেবা প্রদান করা হচ্ছে কিনা তা পরিবীক্ষণ কমিটি কর্তৃক পরীক্ষা করা হয় ও কৃষি মন্ত্রণালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণসহ বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। তিনি আরো বলেন, কাউন্সিলের সেবা প্রদান বিষয়ে সেবা গ্রহীতার কোন অভিযোগ থাকলে তা নিস্পত্তির জন্য পরিচালক (সাপোর্ট সার্ভিস)-কে অভিযোগ নিস্পত্তি (অনিক) কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

০৬। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৬.১ সভায় কাউন্সিলের নাগরিক সেবা এর অর্ন্তভূক্ত সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়ার উপর আলোচনা করা হয়। সভায় কাউন্সিলের এনআরএম বিভাগের সদস্য পরিচালক ও মৃত্তিকা ইউনিটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেন। উক্ত সেবার আওতায় ০৭ টি বেসরকারি সেবাগ্রহীতা প্রতিষ্ঠান (১) কনপাস কর্পোরেশন (২) সিনজেনটা (৩) অ্যাপেক্স বায়োফার্টিলাইজার এন্ড বায়োপেস্টিসাইডস লিমিটেড (৪) কার্ড মহিলা সমিতি (৫) পায়েল অর্গানিক ফার্টিলাইজার লিমিটেড (৬) করবেল ইন্টারন্যাশনাল লিমিটেড ও (৭) রিয়াল জৈব সার কোম্পানী এর প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সেবা আগ্রহী আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন যাচাই-বাছাই, নমুনা ল্যাব টেস্ট এবং মৌসুমভিত্তিক ফিল্ড ট্রায়াল একই সময়ে চালানো, বছরে নূন্যতম ০৪টি সার প্রমিতকরণ কমিটির সভা আয়োজন, নমুনা সংরক্ষণ ও ল্যাবরেটরীতে নমুনা পরীক্ষা ইত্যাদি কার্যাদি সময়মত সম্পন্ন হওয়া বিষয়ে সেবা গ্রহিতা প্রতিষ্ঠানসমূহ মতামত প্রদন করেন।

৬.২ কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান বিষয়ে আলোচনা করা হয়। সভায় কাউন্সিলের কারিগরি বিভাগ ও ইউনিট কর্তৃক উক্ত সেবা সরাসরি অথবা কৃষি পরামর্শ বাতায়ন অনলাইন ও বিভিন কৃষি গবেষণা প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত Link এর মাধ্যমে পাওয়া যায়।

৬.৩ বিএআরসি'র প্রাতিষ্ঠানিক সেবাসমূহ ও সেবা প্রদান পদ্ধতি বিষয়ের উপর এনএআরএসভূক্ত ০৮টি গবেষণা প্রতিষ্ঠান (১) বিআরআরআই (২) বিনা (৩) বিএফআরআই (বন) (৪) বিএলআরআই (৫) বিএফআরআই (মৎস্য) (৬) বিএসআরআই (৭) বিজেআরআই (৮) তুলা উন্নয়ন বোর্ড এর প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিএআরসি এর প্রাতিষ্ঠানিক সেবার মান বিষয়ে অংশগ্রহণকারী সকলে সন্তোষ প্রকাশ করেন। এছাড়াও সভায় অংশগহণকারী প্রতিনির্ধিগণ এনএআরএস বিজ্ঞানীদের উচ্চ শিক্ষা/বিদেশ প্রশিক্ষণে অংশগ্রহণ বাড়ানো এবং এনএআরএস Combined/United Service Rule প্রণয়নে বিএআরসিকে উদ্যোগ গ্রহণের মতামত প্রদান করেন। সভাপতি আলোচনায় অবহিত করেন, বিএআরসি এর উদ্যোগে এনএটিপি ফেজ ১ ও এনএটিপি ফেজ ২ প্রকল্পের মাধ্যমে এনএআরএসভূক্ত বিজ্ঞানীগণের দক্ষতা উন্নয়নে দেশে এবং বিদেশে উচ্চশিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ হয়েছে। তিনি আরও বলেন, এনএআরএস বিজ্ঞানীদের জন্য মানবসম্পদ উন্নয়ন পরিকল্পনা-২০২৫

অনুযায়ী বিএআরসি ভবিষ্যতে বিজ্ঞানীদের দক্ষতা উন্নয়নে দেশে এবং বিদেশে উচ্চশিক্ষা ও প্রশিক্ষণে অংশগ্রহণ বাড়ানোর লক্ষ্যে নতুন প্রকল্পের উদ্যোগ গ্রহণ করেছেন।

৬.৪ সভায় কাউন্সিলের অভ্যন্তরীণ সেবা সিপিএফ, গ্র্যাচুইটি, ছুটি নগদায়ন, কল্যাণ তহবিল, পিআরএল মঞ্জুর ইত্যাদির উপর আলোচনা করা হয়।

০৬। **সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৬.১ | সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৬.২ | কৃষি পরামর্শ সেবা প্রদান চলমান রাখা; | সকল কারিগরি বিভাগ/ইউনিট/কেন্দ্র, বিএআরসি |
| | কৃষি বাতায়ন অনলাইন সেবা হালনাগাদকরণ | কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বিএআরসি |
| ৬.৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৬.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী অভ্যন্তরীণ সেবা প্রদান নিশ্চিত করতে হবে; | প্রশাসন ও অর্থ বিভাগ |
| ৬.৫ | সভার সিদ্ধান্ত/সুপারিশ তা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে; | সকল বিভাগ, বিএআরসি |

০৭। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

২১।০১।২২

(ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী)
সদস্য পরিচালক (শস্য), বিএআরসি।

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০১৩.২৫.০০২.২১/১৩৪৯ তারিখঃ ১৯/০৬/২০২২ খ্রি.

**বিষয়:** বিএআরসি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম [২.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ ' সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম [২.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা' গত ০৪ জুন ২০২২ তারিখে ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী, সদস্য পরিচালক (শস্য) এর সভাপতিত্বে বিএআরসি'র প্রশিক্ষণ ভবনের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৬.৪ | সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৬.৫ | কৃষি পরামর্শ সেবা প্রদান চলমান রাখা; | সকল কারিগরি বিভাগ/ইউনিট/কেন্দ্র, বিএআরসি |
| | কৃষি বাতায়ন অনলাইন সেবা হালনাগাদকরণ | কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বিএআরসি |
| ৬.৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৬.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী অভ্যন্তরীণ সেবা প্রদান নিশ্চিত করতে হবে; | প্রশাসন ও অর্থ বিভাগ |
| ৬.৫ | সভার সিদ্ধান্ত/সুপারিশ তা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে; | সকল বিভাগ, বিএআরসি |

এমতাবস্থায়, উক্ত সভার উল্লিখিত সিদ্ধান্তসমূহ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯/০৬/2022

(মো: আল মোবাচ্ছের হোসেন )
প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (চলতি দায়িত্ব)
ই-মেইল: m,hussen@barc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

৪. সদস্য পরিচালক (শস্য/মৎস্য/এনআরএম/প্রাণিসম্পদ/পরিকল্পনা ও মূল্যায়ন/প্রশাসন ও অর্থ/এইআরএস), বিএআরসি।

৫. পরিচালক (টিটিএমইউ/জনশক্তি ও প্রশিক্ষণ/পুষ্টি/এআইসি/সাপোর্ট সার্ভিস/অর্থ/কম্পিউটার এন্ড জিআইএস), বিএআরসি।

৬. ড. সুরাইয়া পারভীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (টিটিএমইউ) এবং ফোকাল পয়েন্ট, এপিএ টীম, বিএআরসি, ঢাকা।

অনুলিপি:

১. পরিচালক (কম্পিউটার এন্ড জিআইএস), বিএআরসি (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি।